ভোরের কাগজ

44

তারিখ 14 FEB 1998
পৃষ্ঠা ২০ কলাম ৮

# ভর্তির ছ'মাস পরেও ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি কোর্সে ক্লাস শুরু হয়নি

তরুণ সরকার : শিক্ষকস্বল্পতা ও ক্লাস রুমের অভাবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউটের মাস্টার্স অফ ডেমোগ্রাফির ছাত্রছাত্রীদের ভর্তির ৬ মাস পরেও ক্লাস শুরু হয়নি। বিভাগ সূত্রে জানা যায়, ক্লাস শুরুর ব্যাপারে এখনো কোনো সিদ্ধান্ত নেওয়া হয়নি। তবে ইনস্টিটিউটের পরিচালক জানিয়েছেন, শিক্ষক নিয়োগের প্রক্রিয়া এবং ক্লাস শুরুর চেষ্টা চলছে।

ইনস্টিটিউট সূত্র জানায়, গত বছরের আগস্ট মাসে ইনস্টিটিউটের ২ বছরের কোর্স মাস্টার্স অফ ডেমোগ্রাফির ১৯৯৫-৯৬ শিক্ষা বছরের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়ম অনুযায়ী ভর্তির পরপরই ক্লাস শুরু হওয়ার কথা। ছাত্রছাত্রীদের জানিয়ে দেওয়া হয়েছিল, জানুয়ারিতে ক্লাস শুরু হবে। কিন্তু জানুয়ারি পেরিয়ে ফেব্রুয়ারি এলেও কর্তৃপক্ষ এখনো বলতে পারছেন না, কবে থেকে ক্লাস শুরু হবে। ইনস্টিটিউট সূত্র জানায়, গত দুমাস আগে ইনস্টিটিউটের উন্নয়ন ও সমন্বয় কমিটি নতুন শিক্ষক নিয়োগের সুপারিশ করে। কিন্তু এখনো শিক্ষক নিয়োগের জন্য কোনো বিজ্ঞপ্তি দেওয়া হয়নি। তবে ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক খান আবদুল মতিন জানান, ইনস্টিটিউটে নতুন শিক্ষক নিয়োগের সিদ্ধান্ত হয়ে গেছে এবং বিষয়টি প্রক্রিয়াধীন আছে। তিনি ক্লাস শুরু না হওয়ার জন্য ক্লাস ও শিক্ষক সঙ্কটের কথা উল্লেখ করেন।